আপলোডের ব্যবস্থা নিন
২৯/১/২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার, সদর দপ্তর
৩১/১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরনি
শের-ই- বাংলানগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

নম্বর: ১৫.৫৩.০০০০.০০০.০১৪.০৭.০৩৭৯.২৫.১৬১০

তারিখ: ২৯/০১/২০২৬

বিষয়: সরকারি ক্রয় প্রক্রিয়াকরণ বিষয়ে বিপিপিএ-এর নিকট প্রেরিত পত্রের বিষয়বস্তু এবং ই-জিপি'র পরিবর্তে অফলাইনে দরপত্র প্রক্রিয়া করার ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশাবলী প্রসঙ্গে।

সূত্র: তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ১৭/০৯/২০২৬ তারিখের ১৫.০০.০০০০.০০০.০১৩.১৬.০০০২.২১.২৯২ নং পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ) এর ০৬/০৯/২০২৬ তারিখের ২১.০০.০০০০.৩৬৩.২২.০৩০.২৪-৫০ ও ৫১ নং পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি ক্রয় প্রক্রিয়াকরণ বিষয়ে বিপিপিএ-এর নিকট প্রেরিত পত্রের বিষয়বস্তু এবং ই-জিপি'র পরিবর্তে অফলাইনে দরপত্র প্রক্রিয়া করার ক্ষেত্রে অনুসরনীয় নির্দেশাবলী সংক্রান্ত পত্রদ্বয়ের মর্মানুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রোক্ত পত্রের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: যথাবর্ণিত।

সৈয়দ জাহিদুল ইসলাম
অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ)
মহাপরিচালকের পক্ষে
ফোন: ০২-৪৪৮১৩০৭৩

বিতরণঃ সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১। অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান/বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
৩। উপ-মহাপরিচালক (অনুষ্ঠান-১/অনুষ্ঠান-২/বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সংরক্ষণ ও সরঞ্জাম/কারিগরী কার্য, বাংলাদেশ বেতার, ঢাকা/বাংলাদেশ বেতার, কবিরপুর, ঢাকা/মহাশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকা।
৫। পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৬। পরিচালক, অনুষ্ঠান/লিয়াজোঁ/শিক্ষা/সংগীত/কৃষি বিষয়ক কার্যক্রম/ঢাকা/জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল/কেন্দ্রীয় বার্তা সংস্থা/মনিটরিং পরিদপ্তর/বাণিজ্যিক কার্যক্রম/ট্রান্সক্রিপশন সার্ভিস/বহির্বিশ কার্যক্রম/ট্রাফিক সম্প্রচার কার্যক্রম, বাংলাদেশ বেতার, ঢাকা/ বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/ রংপুর/সিলেট/বরিশাল/ময়মনসিংহ।
৭। আবাসিক প্রকৌশলী, উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা/বাংলাদেশ বেতার, নওয়াপাড়া, যশোর/বাংলাদেশ বেতার, কালুরঘাট, চট্টগ্রাম/বাংলাদেশ বেতার, কাহালু, বগুড়া।
৮। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র/সংরক্ষণ অনুবিভাগ/জাতীয় বেতার ভবন/পরিকল্পনা শাখা, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা/ বাংলাদেশ বেতার, চট্টগ্রাম।
১০। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/ রাঙ্গামাটি/কুমিল্লা/গোপালগঞ্জ।
১১। আঞ্চলিক পরিচালক, বেতার প্রকাশনা দপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা।
১২। অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৩। আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/গোপালগঞ্জ/ময়মনসিংহ/নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, লালমাই, কুমিল্লা।
১৪। স্টেশন প্রকৌশলী, মনিটরিং পরিদপ্তর/ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, ঢাকা।
১৫। আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/কুমিল্লা/গোপালগঞ্জ/ময়মনসিংহ।
১৬। উপ-আঞ্চলিক প্রকৌশলী, কেন্দ্রীয় ভান্ডার, বাংলাদেশ বেতার, পাহাড়তলী, চট্টগ্রাম।
১৭। উপপরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৮। সহকারী বার্তা নিয়ন্ত্রক (কমন ও অডিট), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৯। উপআঞ্চলিক প্রকৌশলী (নিরাপত্তা, প্রশিক্ষণ, আইন ও যানবাহন), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২০। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২১। গার্ড ফাইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
পরিকল্পনা-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd



স্মারক নম্বর: ১৫.০০.০০০০.০০০.০১৩.১৬.০০০২.২১.২৯২

তারিখ: ২ আশ্বিন ১৪৩৩
১৭ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: **সরকারি ক্রয় প্রক্রিয়াকরণ বিষয়ে বিপিপিএ-এর নিকট প্রেরিত পত্রের বিষয়বস্তু এবং ই-জিপি'র পরিবর্তে অফলাইনে দরপত্র প্রক্রিয়া করার ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশাবলী প্রসঙ্গে।**

সূত্র: ক) পরিকল্পনা মন্ত্রণালয়ের ০৬/০৯/২০২৬ তারিখের ২১.০০.০০০০.৩৬৩.২২.০৩০.২৪-৫০নং পত্র।
খ) পরিকল্পনা মন্ত্রণালয়ের ০৬/০৯/২০২৬ তারিখের ২১.০০.০০০০.৩৬৩.২২.০৩০.২৪-৫১নং পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি ক্রয় প্রক্রিয়াকরণ বিষয়ে বিপিপিএ-এর নিকট প্রেরিত পত্রের বিষয়বস্তু এবং ই-জিপি'র পরিবর্তে অফলাইনে দরপত্র প্রক্রিয়া করার ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশাবলী সংক্রান্ত সূত্রে বর্ণিত পত্রের মর্মানুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিবেচ্য সংযুক্তি: পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিপত্র.pdf, সদয় দ্রষ্টব্য।

অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর
বাংলাদেশ বেতার
ডাইরি নং- ১৫৬৭
তারিখ ঃ ২২.৯.২৬
যুগ্মপরিচালক (বাজেট)
উপপরিচালক (আইন)
উপপরিচালক (শিল্প)
বার্তা নিয়ন্ত্রক
পরিচালক (প্রশাসন ও অর্থ)

১৭-০৯-২০২৬
মোঃ মহিতুল হক
সহকারী সচিব

সংযুক্তিঃ
(১) পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিপত্র

মহাপরিচালকের দপ্তর
বাংলাদেশ বেতার
ডাইরি নং- ১৫৫৩
তারিখ: ২০.৯.২৬
অতিঃ মহাপরিচালক (অনুষ্ঠান)
অতিরিক্ত মহাপরিচালক (বার্তা)
উপ-মহাপরিচালক (অনুষ্ঠান-১)
উপ-মহাপরিচালক (অনুষ্ঠান-২)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
মহাপরিচালক

সকল দপ্তর/সংস্থা প্রধানগণ।

স্মারক নম্বর: ১৫.০০.০০০০.০০০.০১৩.১৬.০০০২.২১.২৯২/১(২)

তারিখ: ২ আশ্বিন ১৪৩৩
১৭ সেপ্টেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়।
২। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়।

১২৬৭
২২.৯.২৬
অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর
বাংলাদেশ বেতার
প্রশাসনিক কর্মকর্তা (নং-১)
প্রশাসনিক কর্মকর্তা (নং-২)
প্রশাসনিক কর্মকর্তা (যানঃ)
প্রশাসনিক কর্মকর্তা (হিসাব)
প্রশাসনিক কর্মকর্তা (বাজেট)
প্রশাসনিক কর্মকর্তা (কমন)
সহকারী প্রোগ্রামার

২৭৬৪
২২/৯/২৬
পরিচালক (প্রশাসন ও অর্থ)
পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর
বাংলাদেশ বেতার

১৭-০৯-২০২৬
মোঃ মহিতুল হক
সহকারী সচিব

১/১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)
বিপিপিএ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bppa.gov.bd

নং:-২১.০০.০০০০.৩৬৩.২২.০৩০.২৪- ৫০

তারিখ: ২২ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
০৬ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

পরিপত্র

বিষয়: সরকারি ক্রয় প্রক্রিয়াকরণ বিষয়ে বিপিপিএ-এর নিকট প্রেরিত পত্রের বিষয়বস্তু।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিপিপিএ আইন, ২০২৩-এর ধারা ৯(১২) এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ (পিপিআর, ২০২৫)-এর বিধি ১৫৩(১)(গ)-এর নির্দেশনা অনুযায়ী বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, ক্রয়কারী সংস্থা এবং ক্রয়কারী দপ্তরসমূহের অনুরোধের প্রেক্ষিতে বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ) সরকারি ক্রয় সংক্রান্ত বিষয়ে পরামর্শ এবং সহায়তা প্রদান করে থাকে।

০২। সাম্প্রতিককালে উপর্যুক্ত বিধানের আলোকে কোনো কোনো মন্ত্রণালয়/বিভাগ/ক্রয়কারী সংস্থা/ক্রয়কারী/ দরপত্র বা প্রস্তাব মূল্যায়ন কমিটির নিকট হতে সরকারি ক্রয় প্রক্রিয়াকালে উদ্ভূত বিভিন্ন বিষয়ে বিপিপিএ-তে প্রেরিত পত্রসমূহে নিম্নবর্ণিত অসঙ্গতিসমূহ পরিলক্ষিত হচ্ছে:

ক) দরপত্র/প্রস্তাব মূল্যায়নের ক্ষেত্রে দাখিলকৃত কোনো দলিল বা প্রমানক গ্রহণযোগ্য হবে কি-না উক্ত বিষয়ে মতামত যাচন;

খ) কোন দরপত্রদাতা দরপত্র মূল্যায়নে গ্রহণযোগ্য (Responsive) বিবেচিত হবে কি না উক্ত বিষয়ে মতামত যাচন;

গ) দরপত্র মূল্যায়ন প্রতিবেদন/সভার কার্যবিবরণী/দরপত্রদাতা কর্তৃক দাখিলকৃত দলিলাদি/কারিগরি সাব-কমিটির প্রতিবেদন ইত্যাদি গোপনীয় দলিল সংযুক্ত করে কোনো বিষয়ে মতামত যাচন;

ঘ) পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (পিপিএ, ২০০৬), পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ (পিপিআর, ২০২৫), বিপিপিএ-এর জারিকৃত পূর্বতন কোনো পরিপত্রে বা আদর্শ দরপত্র দলিলে সুস্পষ্টরূপে উল্লিখিত আছে এরূপ বিষয়ে মতামত যাচন;

ঙ) মূল পত্রে যাচিত বিষয়ের পরিপূর্ণ বর্ণনা প্রদান না করে কেবল দলিলাদি বা কাগজপত্র সংযুক্ত করে তা পরীক্ষাপূর্বক ক্রয়সংশ্লিষ্ট কোনো বিষয়ে মতামত যাচন;

চ) ক্রয় সংক্রান্ত বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের গৃহীত অথবা ক্রয় আইনের অধীনে রিভিউ প্যানেল কর্তৃক প্রদত্ত কোনো সিদ্ধান্ত বা আদেশ সঠিক হয়েছে কি-না, সে বিষয়ে বিপিপিএ-এর মতামত যাচন।

০৩। উপর্যুক্ত প্রেক্ষাপটে জানানো যাচ্ছে যে, দরপত্র/প্রস্তাব মূল্যায়নে কোনো দরপত্রদাতার/পরামর্শকের বা দরপত্রদাতা বা আবেদনকারী/পরামর্শক কর্তৃক দাখিলকৃত কোন দলিলের গ্রহণযোগ্যতা নিরূপণের দায়িত্ব পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ (পিপিআর, ২০২৫)-এর বিধি ১১(১০) অনুযায়ী সম্পূর্ণরূপে দরপত্র বা প্রস্তাব মূল্যায়ন কমিটির (TEC/PEC)। কোনো দরপত্র বা প্রস্তাব মূল্যায়নে কারিগরি সহযোগিতার প্রয়োজন হলে TEC/PEC'র অনুরোধে বিধি ১১(১৫)-এর নির্দেশনা অনুযায়ী কারিগরি সাব-কমিটি গঠন করা যায়। উল্লেখ্য, দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটিতে যেন যথাযথ যোগ্যতা সম্পন্ন সকল সদস্য অন্তর্ভুক্ত করা হয় সে বিষয়ে বিধি ১১(২) এবং ১১(৬)-এ উল্লেখ আছে। আরো উল্লেখ্য, বিধি ১৫৩(১)(গ) এবং ১৫৩(২) অনুযায়ী কোনো ক্রয় সম্পাদন বিষয়ে বিপিপিএ-এর সিদ্ধান্তমূলক মতামত প্রদানের অবকাশ নেই বা কোনো ক্রয় কার্যে সরাসরি সম্পৃক্ত হওয়ারও সুযোগ নেই।

০৪। উল্লেখ্য, পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (পিপিএ, ২০০৬)-এর ধারা ১৮(১) এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ (পিপিআর, ২০২৫)-এর বিধি ১১৮(৩৪)-এ ক্রয়কারী বা দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটিকে ক্রয় প্রক্রিয়ার গোপনীয়তা রক্ষার বিষয়ে নির্দেশনা রয়েছে।

যুগ্মসচিব (পরিকল্পনা) এর দপ্তর
ডায়েরি নং- ০৪ | তারিখ: ০৬/০৯/২৬
☐ উপসচিব (পরি: অধিশাখা)
☐ সি. সহ. সচিব/সহ. সচিব (পরি:-১)
☐ সি. সহ. সচিব/সহ. সচিব (পরি:-২)

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
পরিকল্পনা-২ শাখা
ডায়েরী নং: ৩৩
তারিখ: ০৬/০৯/২৬

(পূর্ববর্তী পৃষ্ঠার পর)
(পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য)

০৫। এক্ষণে, সরকারি ক্রয় প্রক্রিয়াকরণ বিষয়ে বিপিপিএ-এর সহায়তা বা পরামর্শ গ্রহণের প্রয়োজনে ক্রয়সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/ক্রয়কারী সংস্থা/ক্রয়কারী এবং দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটিকে বিপিপিএ-তে পত্র প্রেরণের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণের জন্য অনুরোধ করা হলো:

ক) কোনো দরপত্র বা প্রস্তাব গ্রহণযোগ্য (Responsive) বিবেচিত হবে কি-না সে বিষয়ক সরাসরি মতামত যাচন না করে দরপত্রদাতা বা পরামর্শকের দাখিলকৃত দলিলাদির গ্রহণযোগ্যতার বিষয়টি পিপিএ, ২০০৬/পিপিআর, ২০২৫ বা আদর্শ দরপত্র/প্রস্তাব দলিলের কোন বিধান অনুযায়ী নির্ধারণ করা হবে, সে বিষয়ে মতামত যাচন করা যেতে পারে;

খ) দরপত্র মূল্যায়ন সংক্রান্ত কোন প্রতিবেদন বা দরপত্রদাতা/পরামর্শক কর্তৃক দাখিলকৃত কোনো দলিলপত্র সংযুক্ত না করাই বাঞ্ছনীয়। প্রয়োজনবোধে উক্ত প্রতিবেদনের সংক্ষিপ্তসার উল্লেখ করে কোনো দরপত্রদাতার/পরামর্শকের নাম উল্লেখ না করে তার/তাদের বিশেষ কোনো ঘাটতি/অবস্থানের বিষয়ে মতামত যাচন করা যেতে পারে;

গ) পিপিএ, ২০০৬ বা পিপিআর, ২০২৫-এর অধীন প্রণীত আদর্শ দরপত্র দলিলসমূহের বিভিন্ন অংশে (ITT, TDS, GCC, PCC ইত্যাদি) যে সব সংস্থান সুস্পষ্টরূপে বর্ণিত আছে সে সব বিষয়ে অধিকতর ব্যাখ্যার প্রয়োজন থাকে না বলে সে সব বিষয়ে মতামত যাচন না করা;

ঘ) যাচিত বিষয় স্বয়ংসম্পূর্ণরূপে পত্রে প্রতিফলিত করা এবং একান্ত অপরিহার্য না হলে দলিলাদির সংযুক্তি পরিহার করা;

ঙ) উর্ধ্বতন কর্তৃপক্ষের গৃহীত অথবা ক্রয় আইনের অধীনে রিভিউ প্যানেল কর্তৃক প্রদত্ত কোনো সিদ্ধান্তের বিরোধিতা করে বিপিপিএ-এর মতামত/পরামর্শ না চাওয়া।

০৬/০৯/২০২৬

(আবু সাঈদ মোঃ কামরুজ্জামান, এনডিসি)
প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব)
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)

বিতরণ: জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব/সচিব (তাঁর মন্ত্রণালয়/বিভাগের আওতাভুক্ত সকল ক্রয়কারী সংস্থাকে অবহিতকরণের বিনীত অনুরোধসহ)
তথ্য- ও সম্প্রচার মন্ত্রণালয়.....মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
৩. সদস্য, পরিকল্পনা কমিশন, ...শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪. চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/মহাপরিচালক/সংস্থা প্রধান (সকল)
.....

নং:-২১.০০.০০০০.৩৬৩.২২.০৩০.২৪-৫০ (৫)

তারিখ: ২২ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / ০৬ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (মন্ত্রী/বিপিপিএ পরিচালনা পর্ষদের সভাপতি মহোদয়কে সদয় অবহিতকরণের অনুরোধসহ);
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (মন্ত্রী/বিপিপিএ পরিচালনা পর্ষদের সিনিয়র সহসভাপতি মহোদয়কে সদয় অবহিতকরণের অনুরোধসহ);
৩. সচিবের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (সচিব/বিপিপিএ পরিচালনা পর্ষদের সহসভাপতি মহোদয়কে সদয় অবহিতকরণের অনুরোধসহ);
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব)-এর ব্যক্তিগত কর্মকর্তা, বিপিপিএ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭;
৫. অফিস কপি।

০৬.০৯.২০২৬

(শাহ ইয়ামিন উল ইসলাম)
পরিচালক (উপসচিব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)
বিপিপিএ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bppa.gov.bd

নং:-২১.০০.০০০০.৩৬৩.২২.০৩০.২৪-৫১

তারিখ: ২২ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / ৬ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

পরিপত্র

বিষয়: ই-জিপি'র পরিবর্তে অফলাইনে দরপত্র প্রক্রিয়া করার ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশনাবলী।

পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (পিপিআর, ২০০৬)-এর ধারা ৬৫ অনুযায়ী ই-জিপি পোর্টালে প্রক্রিয়াযোগ্য সকল সরকারি ক্রয় ইলেক্ট্রনিক পরিচালন পদ্ধতিতে সম্পন্ন করতে হবে এবং ব্যতিক্রমী ক্ষেত্রে ইলেক্ট্রনিক পরিচালন পদ্ধতিতে কোন ক্রয়কারী ক্রয় প্রক্রিয়াকরণে অসমর্থ হলে বিপিপিএ-এর পূর্বানুমোদন গ্রহণ করতে হবে মর্মে উল্লেখ রয়েছে। আইনের বর্ণিত ধারার ধারাবাহিকতায় পিপিআর, ২০২৫-এর বিধি ১৫০(১)-এ নিম্নরূপ বিধান রয়েছে:

> **"১৫০।-ইলেকট্রনিক পরিচালন পদ্ধতিতে সরকারি ক্রয়।** (১) আইনের উদ্দেশ্য পূরণকল্পে, এই আইনের অধীন ই-জিপি পোর্টালে প্রক্রিয়াযোগ্য সকল সরকারি ক্রয় সরকার কর্তৃক নির্ধারিত নীতিমালা অনুসরণ করিয়া ইলেকট্রনিক পরিচালন পদ্ধতিতে সম্পন্ন করিতে হইবে এবং ব্যতিক্রমী ক্ষেত্রে, ইলেকট্রনিক পরিচালন পদ্ধতিতে কোনো ক্রয়কারী ক্রয় প্রক্রিয়াকরণে অসমর্থ হইলে বিপিপিএ-এর পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে:
>
> তবে শর্ত থাকে যে, বিধি ২৫ (১৪)-এর নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে কোনো ক্রয়কারীর ইলেকট্রনিক পরিচালন পদ্ধতিতে ক্রয় প্রক্রিয়াকরণে অসমর্থতার ক্ষেত্রে অফলাইনে দরপত্র প্রক্রিয়াকরণে সংশ্লিষ্ট ক্রয়কারী কার্যালয় প্রধানের মাধ্যমে বিপিপিএ-এর অনুমোদন গ্রহণ করিবে।"

০২। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ই-জিপির পরিবর্তে অফলাইনে দরপত্র প্রক্রিয়াকরণে আইনে বর্ণিত বিশেষ সুযোগ লাভের জন্য বিপিপিএ-তে পত্র প্রেরণ করছে।

০৩। বিপিপিএ বিভিন্ন সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ই-জিপি কার্যক্রমকে গতিশীল করার প্রত্যয়ে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার পাশাপাশি ই-জিপি সংক্রান্ত যে কোন কারিগরি সমস্যার সমাধান দ্রুততম সময়ের মধ্যে নিশ্চিতকরণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সরকারি ক্রয় আইন-বিধির উদ্দেশ্য পূরণকল্পে সরকারি অর্থে ক্রয় কার্যক্রমে অধিকতর স্বচ্ছতা ও দক্ষতা নিশ্চিতকরণে ই-জিপি পরিচালন পদ্ধতি ব্যবহারের বিকল্প নেই। সরকারি ক্রয়ে শতভাগ ই-জিপি ব্যবহারের দৃঢ় প্রচেষ্টা ও বাস্তবানুগ চেষ্টা অব্যাহত রাখতে হবে।

০৪। উপর্যুক্ত লক্ষ্য বাস্তবায়নে ই-জিপি সিস্টেমে প্রক্রিয়াযোগ্য সকল সরকারি ক্রয় আবশ্যিকভাবে ই-জিপিতে বাস্তবায়ন নিশ্চিত করার জন্য সকল মন্ত্রণালয়, বিভাগ, ক্রয়কারী সংস্থা ও ক্রয়কারী দপ্তরসমূহকে অনুরোধ করা হচ্ছে। ব্যতিক্রমী ক্ষেত্রে কোন বিশেষ ক্রয় প্যাকেজ বা প্যাকেজসমূহ (অনুমোদিত এপিপি অনুযায়ী) ই-জিপিতে বাস্তবায়নে অসামর্থ্যতার ক্ষেত্রে বিপিপিএ'তে পত্র প্রেরণকালে জনবলের প্রশিক্ষণ এবং সংগ্রহ সম্পন্ন করে দ্রুততম কোন সময়ের মধ্যে পরবর্তী ক্রয়সমূহ ই-জিপিতে প্রক্রিয়া করা সম্ভব হবে সে সময়সীমার কথা উল্লেখ করতে হবে। প্রেরিতব্য পত্রে একাধিক প্যাকেজ অথবা কোন একটি নির্দিষ্ট সময়কালে সকল ক্রয়ের জন্য অফলাইনের অনুমতি যাচনের বিষয়ে নিরুৎসাহিত করা হচ্ছে।

০৫। সরকারি ক্রয় ই-জিপির মাধ্যমে প্রক্রিয়াকরণের লক্ষ্যে ক্রয়কারীসহ অপরাপর অংশীজনকে বিপিপিএ প্রশিক্ষণসহ সকল সহযোগিতা প্রদান করে আসছে। এ বিষয়ে কোনো সহযোগিতা প্রয়োজন হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ হারুন অর রশীদ, পরিচালক (উপসচিব), বিপিপিএ (ফোন: ০১৭১৬৩৮১৯৬০, ইমেইল: bppadir7@bppa.gov.bd)-এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

তথ্য ও প্রচার মন্ত্রণালয়
পরিকল্পনা-২ শাখা
ডায়েরী নং ০৭

(পূর্ববর্তী পৃষ্ঠার পর)

০৬। ক্রয় কার্যক্রমে স্বচ্ছতা, দক্ষতা ও জবাবদিহিতার অনুশীলন বৃদ্ধিকল্পে ইজিপির শতভাগ বাস্তবায়ন নিশ্চিতকরণে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা প্রত্যাশা করা হচ্ছে।

০৬/০৯/২০২৬

(আবু সঈদ মোঃ কামরুজ্জামান এনডিসি)
প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব)
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)

বিতরণ: জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

২. সিনিয়র সচিব/সচিব (তাঁর মন্ত্রণালয়/বিভাগের আওতাভুক্ত সকল ক্রয়কারী সংস্থাকে অবহিতকরণের বিনীত অনুরোধসহ)
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় .....মন্ত্রণালয়/বিভাগ
(সকল)।

৩. সদস্য, পরিকল্পনা কমিশন, ...শের-ই-বাংলা নগর, ঢাকা।

৪. চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/মহাপরিচালক/সংস্থা প্রধান (সকল)
.....

নং:-২১.০০.০০০০.৩৬৩.২২.০৩০.২৪-৫১ (৫)

তারিখ: ২২ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / ০৬ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (মন্ত্রী/বিপিপিএ পরিচালনা পর্ষদের সভাপতি মহোদয়কে সদয় অবহিতকরণের অনুরোধসহ);
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (মন্ত্রী/বিপিপিএ পরিচালনা পর্ষদের সিনিয়র সহসভাপতি মহোদয়কে সদয় অবহিতকরণের অনুরোধসহ);
৩. সচিবের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (সচিব/বিপিপিএ পরিচালনা পর্ষদের সহসভাপতি মহোদয়কে সদয় অবহিতকরণের অনুরোধসহ);
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব)-এর ব্যক্তিগত কর্মকর্তা, বিপিপিএ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭;
৫. অফিস কপি।

০৬.০৯.২০২৬

(শাহ ইয়ামিন উল ইসলাম)
পরিচালক (উপসচিব)
ফোন:- ০২-৪৮১১৯৩৯৯

৩/20